

অবরুদ্ধের ৪ দিনের মাথায় ট্রাকস্ট্যান্ড পরিদর্শনে আনিসুল হক

🕒 প্রকাশিত: ১২:১৫ পিএম, ০৩ ডিসেম্বর ২০১৫



জাগোনিউজের খবর পেতে ফলো করুন

আমাদের গুগল নিউজ চ্যানেল।

অবৈধ ট্রাকস্ট্যান্ড উচ্ছেদ করতে গিয়ে কার্যত অবরুদ্ধ হয়ে পড়ার ৪ দিনের মাথায় এবার সেই এলাকা পরিদর্শন করলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১২টায় ডিএনসিসির উর্ধ্বতন কর্মকর্তা, বিভিন্ন ওয়ার্ডের

কাউন্সিলর এবং ট্রাক ও কাভার্ড ভ্যান মালিক ও শ্রমিক সংগঠনের নেতাদের সঙ্গে নিয়ে তেজগাঁও ট্রাকস্ট্যান্ড সংলগ্ন সড়ক ও সড়কের পাশে অবস্থিত রেলওয়ের জায়গা পরিদর্শন করেন তিনি।

পরিদর্শনকালে সংক্ষিপ্ত বক্তব্যে মেয়র জানান, তেজগাঁও রাস্তার উপর থেকে ট্রাক অপসারণের পর রাস্তাটিতে রোড মিডিয়ান নির্মাণ ও অন্যান্য সংস্কার কাজ চলছে। এছাড়া রেলওয়ের জায়গাটিতে ট্রাক রাখার সুবিধার্থে জায়গাটি ড্রেসিং করে মসৃণ করে দেয়া হচ্ছে।

তিনি বলেন, রাস্তার দু পাশের দেয়ালগুলো চুন-কাম করার জন্য সংশ্লিষ্ট মালিকদের পত্র দেয়া হবে। এ রাস্তাটি নগরীর একটি অন্যতম দর্শনীয় রাস্তা হিসেবে গড়ে তোলা হবে।

মেয়র আরো জানান, কোনো ভালো কাজ করার ক্ষেত্রে রাজনৈতিক সদিচ্ছা থাকলে কোনো কিছুই বাঁধা হয়ে দাঁড়াতে পারে না। তিনি রাস্তাটি ট্রাক পার্কিংমুক্ত করার ক্ষেত্রে সমর্থন জানানোর জন্য মিডিয়াসহ সর্বসাধারণকে ধন্যবাদ জানান।

পরিদর্শনকালে মেয়রের সঙ্গে ২৪ নম্বর ওয়ার্ড কাউন্সিলর মো. সফিউল্লা, ২৬ নম্বর ওয়ার্ড কাউন্সিলর শামীম হাসান, ৭ নম্বর ওয়ার্ড কাউন্সিলর মো. মোবাহ্বের চৌধুরী, ৪ নম্বর সংরক্ষিত আসনের কাউন্সিলর রাশিদা আক্তার ঝর্ণা, ডিএনসিসি'র প্রধান নির্বাহী কর্মকর্তা বি এম এনামুল হক, প্রধান প্রকৌশলী ব্রি জে মো. সাঈদ আনোয়ারুল ইসলাম, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা ক্যাপ্টেন বিপন কুমার সাহা, সচিব মো. নবীরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

এসএ/একে/পিআর